গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ১২ জুলাই ২০১৫, ২৮ আষাঢ় ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বঞ্চিত নারী ও শিশুর পাশে সকলকে দাঁড়াতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

২। ঘরমুখো মানুষকে দুর্ভোগের শিকার হতে দেওয়া যাবে না : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৩। ঈদের পর বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার বিচার বিশেষ ট্রাইব্যুনালে : তথ্যমন্ত্রী

৪। রাজধানীতে জাকাত বিতরণে পুলিশের অনুমতি লাগবে : ডিএমপি কমিশনার

৫। ঈদে রাজধানীতে নিরাপত্তায় পুলিশের বিশেষ ব্যবস্থা

৬। গার্মেন্টস কারখানা সংস্কারে ৩৮৫ কোটি টাকা দেবে আইএফসি

৭। ময়মনসিংহে জাকাত ট্র্যাজেডির ৮ আসামি জেলে, ফাঁড়ি ইন-চার্জ সাময়িক বরখাস্ত

৮। একাদশ শ্রেণিতে ভর্তি নৈরাজ্যে তৃতীয় তালিকা প্রকাশেও ২ লাখ শিক্ষার্থী ভর্তি বঞ্চিত : বাণিজ্যনির্ভর কলেজকে সুবিধা দেওয়া হচ্ছে

৯। ঢাকার নতুন মাস্টার প্ল্যানের খসড়া প্রকাশ

১০। কওমী শিক্ষা বোর্ডের পরীক্ষায় পাসের হার ৭৪.৬০ শতাংশ

১১। ঈদ-উল-ফিতর উপলক্ষে বিনামূল্যে ১০ কেজি করে চাল দেওয়া হচ্ছে

চলমান পাতা/২

১। বঞ্চিত নারী ও শিশুর পাশে সকলকে দাঁড়াতে হবে : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম সমাজের সকল শ্রেণি-পেশার মানুষকে বঞ্চিত নারী ও শিশুদের সুরক্ষার জন্য তাদের পাশে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, সরকারের একার পক্ষে সকল কাজ করা সম্ভব নয়। গতকাল ১১ জুলাই শনিবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), জনকণ্ঠ (পৃ.৩,ক.৪), সমকাল (পৃ.১৯,ক.১), নিউজ টুডে (পৃ.৩,ক.৬)।

২। ঘরমুখো মানুষকে দুর্ভোগের শিকার হতে দেওয়া যাবে না : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, কোনো অবস্থাতেই ঈদে ঘরমুখো মানুষকে দুর্ভোগের শিকার হতে দেওয়া যাবে না। যে কোনো উপায়ে সবার বাড়ি যাওয়া-আসা নিশ্চিত ও নিরাপদ করতে হবে। যাত্রা স্বস্তিদায়ক করতে হবে। এটাই আমাদের মূল উদ্দেশ্য। ঘরমুখো মানুষের যাত্রা নির্বিঘ্ন করতে প্রকৌশলী, ঠিকাদারসহ সংশ্লিষ্ট সবাই সরকারি ছুটির দিনসহ এখন রাস্তায় আছে। এ ব্যাপারে কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল ১১ জুলাই শনিবার গাজীপুর মহানগরীর টঙ্গীর চেরাগআলী মার্কেট এলাকায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক পরিদর্শনকালে তিনি এ কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), ইত্তেফাক (পৃ.২,ক.৬), ইনকিলাব (পৃ.১,ক.৪), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

৩। ঈদের পর বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার বিচার বিশেষ ট্রাইব্যুনালে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার দ্রুত বিচার সম্পন্ন করতে প্রকাশ্যে বিশেষ ট্রাইব্যুনাল করা হবে। ঈদের পরে এই ট্রাইব্যুনাল গঠন করা হবে। ট্রাইব্যুনালে গণহত্যার দায় থেকে যদি বেগম জিয়া নিজেকে নির্দোষ প্রমাণ করতে পারেন, তবে রাজনীতি করবেন, আর নির্দোষ প্রমাণ করতে না পারলে রাজনীতি থেকে ইস্তফা দিয়ে কারাগারে যাবেন। গতকাল ১১ জুলাই শনিবার কুষ্টিয়া জেলার মিরপুরে মির্জানগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), সংবাদ (শেষ পৃ.,ক.১), যুগান্তর (পৃ.১,ক.১), নিউ নেশন (পৃ.১,ক.৪), নিউজ টুডে (পৃ.১,ক.৬)।

৪। রাজধানীতে জাকাত বিতরণে পুলিশের অনুমতি লাগবে : ডিএমপি কমিশনার

রাজধানীতে জাকাত বিতরণে পুলিশের অনুমতি বাধ্যতামূলক করা হয়েছে। জাকাত বন্টনের সময় পুলিশ জাকাতগ্রহীতা ও দাতাদের নিরাপত্তা দেবে বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। তিনি বলেছেন, বড় আয়োজন করে জাকাত দিতে হলে সংশ্লিষ্ট থানা পুলিশকে অন্তত একদিন আগে জানাতে হবে। পুলিশকে না জানিয়ে জাকাত দেওয়ার আয়োজন করার পর যদি কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটে, তবে আয়োজনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-সমকাল (পৃ.২,ক.৭), ইত্তেফাক (পৃ.১৯,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৫)।

৫। ঈদে রাজধানীতে নিরাপত্তায় পুলিশের বিশেষ ব্যবস্থা

ঈদে ফাঁকা রাজধানীতে বিভিন্ন সিকিউরিটি কোম্পানির সঙ্গে সমন্বয় করে পুলিশ নিরাপত্তা ব্যবস্থা জোরদার করবে। এছাড়া এ মুহূর্তে নিরাপত্তা প্রদানের জন্য অতিরিক্ত সিসি ক্যামেরা স্থাপন করা হচ্ছে। যেসকল ক্যামেরা নষ্ট হয়ে পড়ে আছে সেগুলো সংস্কারের কাজ চলছে বলে জানিয়েছেন ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.৪), সমকাল (পৃ.২,ক.৩), ইনকিলাব (পৃ.১,ক.৮), ডেইলি স্টার (পৃ.৩,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.৬)।

৬। গার্মেন্টস কারখানা সংস্কারে ৩৮৫ কোটি টাকা দেবে আইএফসি

গার্মেন্টস কারখানা সংস্কারের লক্ষ্যে প্রথমবারের মত বড় অঙ্কের অর্থ দেওয়ার প্রক্রিয়া শুরু করেছে উত্তর আমেরিকার ক্রেতাদের সমন্বয়ে গঠিত বাংলাদেশের কারখানা পরিদর্শন জোট অ্যালায়েন্স। অ্যালায়েন্সের মধ্যস্থতায় কারখানাগুলোকে ৫ কোটি মার্কিন ডলার বা ৩৮৫ কোটি টাকা দেবে আইএফসি (ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন)। কারখানা মালিকরা ভবনের অগ্নি ও কাঠামোগত ত্রুটি সংশোধনের লক্ষ্যে স্বল্প সুদে এ অর্থ পাবে। ৩ থেকে ৫ বছরের মধ্যে এ অর্থ পরিশোধ করার সুযোগ থাকবে। বাংলাদেশের ৫টি বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে এ অর্থ ছাড় করা হবে। এ লক্ষ্যে আইএফসি'র সঙ্গে একটি চুক্তি করেছে অ্যালায়েন্স। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬)।

৭। ময়মনসিংহে জাকাত ট্র্যাজেডির ৮ আসামি জেলে, ফাঁড়ি ইন-চার্জ সাময়িক বরখাস্ত

ময়মনসিংহে জাকাতের কাপড় নিয়ে ২৭ জনের মৃত্যুর ঘটনায় কর্তব্যে অবহেলার অভিযোগে ২নং পুলিশ ফাঁড়ির ইনচার্জ সাইদুল ইসলামকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে এবং অভিযুক্ত নুরানী জর্দ্দা ফ্যাক্টরির মালিক মোহাম্মদ শামীমসহ ৮ জনকে জেল হাজতে প্রেরণ করা হয়েছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), নিউজ টুডে (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৮)। বাংলাদেশ টুডে, নিউ নেশন এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। একাদশ শ্রেণিতে ভর্তি নৈরাজ্যে তৃতীয় তালিকা প্রকাশেও ২ লাখ শিক্ষার্থী ভর্তি বঞ্চিত

: বাণিজ্যনির্ভর কলেজকে সুবিধা দেওয়া হচ্ছে

একাদশ শ্রেণিতে ভর্তির ৩য় মেধা তালিকা প্রকাশ করেছে শিক্ষা বোর্ড। এই তালিকায় এক লাখ আট হাজার ৬৩৯ শিক্ষার্থীকে মনোনীত করা হয়েছে। কিন্তু ভর্তি জালিয়াতি এবং গোঁজামিলের 'স্মার্ট এডমিশন সিস্টেমের' ফাঁদে এখনও আটকে রয়েছে প্রায় সোয়া দুই লাখ শিক্ষার্থী। তাদের প্রায় সবাইকে এখন নিজ নিজ এলাকার কলেজে ভর্তি হতে হবে। তারা ভালো কলেজে ভর্তির সুযোগ পাচ্ছে না। ভর্তির জন্য আর কোনো মেধা তালিকা প্রকাশ করা হবে না। রিলিজ স্লিপ নিয়ে শিক্ষার্থীদের ভর্তি হতে হবে। সূত্র-সংবাদ (পৃ.১,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৫), সমকাল (শেষ পৃ.,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২)।

৯। ঢাকার নতুন মাস্টার প্ল্যানের খসড়া প্রকাশ

ঢাকা নিয়ে নতুন করে ২০ বছর মেয়াদী মাস্টার প্ল্যান বা মহাপরিকল্পনার খসড়া প্রকাশ করেছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)। আগামী ৬ সেপ্টেম্বর পর্যন্ত খসড়ার ওপর মতামত দেওয়া যাবে। এ জন্য গত ৭ জুলাই গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে একটি আদেশ জারি করা হয়েছে। এ মহাপরিকল্পনার আওতায় নতুন করে ডিটেইল এরিয়া প্ল্যান (ড্যাপ) প্রণয়ন করা হবে। আদেশে জানানো হয়, রাজউকের আওতাধীন এক হাজার ৬২৪ বর্গকিলোমিটার (৬২৭ বর্গমাইল) এলাকার জন্য বিদ্যমান স্ট্রাকচার প্ল্যান/মাস্টার প্ল্যান এর মেয়াদ চলতি বছরই শেষ হবে। মেয়াদ পূর্তির আগেই ২০ বছর (২০১৬ থেকে ২০৩৫) মেয়াদী নতুন মাস্টার প্ল্যান প্রণয়ন করা প্রয়োজন ও সমীচীন। এ জন্য রাজউক মাস্টার প্ল্যানের খসড়া প্রণয়ন করেছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (পৃ.১,ক.৩), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৩)।

১০। কওমী শিক্ষা বোর্ডের পরীক্ষায় পাসের হার ৭৪.৬০ শতাংশ

বাংলাদেশ কওমী মাদরাসা শিক্ষা বোর্ডের কেন্দ্রীয় পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পরীক্ষার ৭টি স্তরের গড় পাসের হার ৭৪.৬০ শতাংশ। প্রথম বিভাগে মোট পাস করেছে ১২,৯২৫ জন ছাত্রছাত্রী। গতকাল ১১ জুলাই শনিবার কওমী শিক্ষা বোর্ডের পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (পৃ.৪,ক.২)।

১১। ঈদ-উল-ফিতর উপলক্ষে বিনামূল্যে ১০ কেজি করে চাল দেওয়া হচ্ছে

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে প্রায় এক কোটি পরিবার ১০ কেজি করে বিনামূল্যে চাল পাচ্ছেন। এবার ঈদে মুসলিম সম্প্রদায় ছাড়াও হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টানসহ সকল ধর্মের মানুষের মধ্যে চাল বিতরণ করা হচ্ছে। ন্যূনতম চারটি শর্তে প্রতিটি পরিবারের মাঝে এই চাল বিতরণ চলছে। এই লক্ষ্যে দেশের ৬৪ জেলার ৪৮৭টি উপজেলা ও ৩১৭টি পৌরসভায় প্রায় ৯৮ হাজার টন চাল বরাদ্দ দেওয়া হয়েছে। সরকারের ভিজিএফ কর্মসূচির মাধ্যমে এই চাল বিতরণ করা হচ্ছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সূত্র এ তথ্য জানায়। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, জনকণ্ঠ, যুগান্তর, ইনকিলাব, সংবাদ, ময়মনসিংহ, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টার, নিউ এজ, ফিনানশিয়াল এক্সপ্রেস : ময়মনসিংহে জাকাতের কাপড় নিতে গিয়ে ২৭ জন মানুষের পদদলিত হয়ে মৃত্যুর ঘটনায় শোক প্রকাশ করে এ ধরনের ঘটনার জন্য দায়ী জাকাত দাতাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থার দাবি;

খ. ইত্তেফাক : স্কুল পড়ুয়া শিশুদের স্কুল ব্যাগে বইয়ের বোঝা তাদের সুদূরপ্রসারী শারীরিক সমস্যার কারণ হবে উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

গ. জনকণ্ঠ : ভ্রাম্যমাণ আদালত আকস্মিকভাবে রাজধানীর হোটেল রেস্টুরেন্টের পরিবেশ পরিদর্শনে গিয়ে অস্বাস্থ্যকর পরিবেশ ও অনিয়মের সন্ধান পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি এসব রেস্টুরেন্টের বিরুদ্ধে নিয়মিত অভিযান চালানোর সুপারিশ;

ঘ. সমকাল : রাজধানী সুপার মার্কেটে র‌্যাবের ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়ে চাঁদাবাজির অভিযোগে আওয়ামী লীগ, ছাত্রলীগ ও যুবলীগের কয়েকজনকে আটক করে বিভিন্ন মেয়াদে সাজা দিয়ে কারাগারে পাঠানোয় স্বস্তি প্রকাশ করে এ ধরনের কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের ফলে চাঁদাবাজির প্রকোপ অনেক কমবে বলে প্রত্যাশা ব্যক্ত;

ঙ. সংবাদ : সরকারি ভাণ্ডারে রক্ষিত ১০ লাখ ৩৮ হাজার ৭৭০ মেট্রিক টন চালের মজুদ থেকে ভারত ও শ্রীলঙ্কায় তাদের প্রতিশ্রুত চাল রপ্তানি না হওয়ায় চালগুলো নষ্ট হওয়ার আশঙ্কা প্রকাশ করে এ ব্যাপারে কূটনৈতিক তৎপরতা জোরদার করার ওপর গুরুত্বারোপ;

চ. ডেইলি স্টার : ভারত ও পাকিস্তানের প্রধানমন্ত্রীর দক্ষিণ এশিয়া থেকে সব ধরনের সন্ত্রাস দূর করার লক্ষ্যে সর্ব প্রকার সহযোগিতা করার উদ্যোগকে স্বাগত জানিয়ে এ অঙ্গীকার দক্ষিণ এশিয়ায় শান্তি প্রতিষ্ঠায় অবদান রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত;

ছ. ইন্ডিপেনডেন্ট : বাংলাদেশ থেকে দারিদ্র্য নির্মূল করতে নীতি নির্ধারকদের বিষয়টিকে আরও গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে কাজ করার আহ্বান;

জ. ডেইলি সান : দেশের বৈদেশিক বাণিজ্যের অবস্থান আরও সুদৃঢ় করতে রাজনৈতিক স্থিতিশীলতা বজায়

রাখতে রাজনীতিবিদদের প্রতি আহ্বান;

ঝ. নিউজ টুডে : দেশের শিল্পখাতে দক্ষ বিদেশি নিয়োগ কমাতে দেশীয় জনবল দক্ষ করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

ঞ. নিউ এজ : শিশুদের অপুষ্টি প্রতিরোধে শিশুদের সিরিয়াল খাদ্যপণ্যের প্রচারণা প্রতিরোধের ব্যবস্থা গ্রহণের পাশাপাশি ব্রেস্ট ফিডিংয়ের প্রচারণা জোরদার করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে গণতান্ত্রিক উত্তরণে নেতৃত্বের ভূমিকা গুরুত্বপূর্ণ হলেও গণতান্ত্রিক প্রাতিষ্ঠানিকীকরণে দলের অভ্যন্তরে গণতন্ত্রের চর্চা অধিকতর গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত 'যানজট নিরসনে কার্যকর উদ্যোগ নিন' শিরোনামের নিবন্ধে মীর আব্দুল আলীম যানজটের কবল থেকে ঢাকাকে রক্ষা করতে মেট্রোরেল সার্ভিস, পাতাল রেল, ট্রানজিট সুবিধায় পার্কিং মিটার, দ্বিতল বাস সার্ভিস চালুর বিকল্প নেই বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা